


উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ১৫/০৩/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আতাউর রহমান)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। উপজেলা ..... অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৫/০৩/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব গফরগাঁও উপজেলায় স্বাস্থ্য সেবা কার্যক্রম সভায় উপস্থাপন করেন এং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার, জানান যে, বর্তমানে হাসপাতালে ১০ জন ডাক্তারের মধ্যে ৭ জন ডাক্তার কর্মরত ও ৩ জন ডাক্তার ডেপুটেশনে রয়েছে। তাছাড়া হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য সুইপারের স্বল্পতা রয়েছে এবং উপ-স্বাস্থ্য কেন্দ্রে ১ জন মেডিকেল এসিসট্যান্ট প্রদায়ন করা হয়েছে। তিনি হাসপাতালের অভ্যন্তরে অবৈধ গাড়ি পার্কিংকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হাজার হাজার চিকিৎসক ও নার্স নিয়োগ দিয়েছেন এবং তাদের উচিত কর্মস্থলে উপস্থিত থেকে দরিদ্র জনগণকে চিকিৎসা সেবা নিশ্চিত করা, পাশাপাশি গফরগাঁও হাসপাতালে সার্বক্ষণিক যাতে গাইনী ডাক্তার থাকে যা নিশ্চিত করা এ বিষয়ে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।</p> <p>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও জানান যে, হাসপাতালের আগত সেবা প্রার্থীদের যাতে কোন চিকিৎসা নেয়ার ক্ষেত্রে কোন অসুবিধা না হয় সে ক্ষেত্রে ডাক্তারগণ যাতে বিনামূল্যে কর্মস্থলে অনুপস্থিত না থাকতে পারে এ বিষয়টি লক্ষ রাখার জন্য অনুরোধ জানান এবং ডাক্তারগণ যাতে কর্মস্থলে উপস্থিত থেকে হাসপাতালে আগত রোগীদের সেবা করতে পারে এ জন্য ডাক্তারদের নামে বাসা বরাদ্দ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান এবং হাসপাতালের অভ্যন্তরে গাড়ি পার্কিং রোধ করার জন্য একটি সাইনবোর্ড লাগানোর জন্য নির্দেশ প্রদান করেন এবং কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত চালু রেখে এবং কমিউনিটি ক্লিনিক গুলোতে পরিদর্শন বাড়ানোর জন্য তিনি অনুরোধ করেন।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও জানান যে, জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে কুকুরের টিকাদানের সময় কুকুরের গায়ে যে লাাল রং দেয়া হচ্ছে তা দীর্ঘস্থায়ী নয় এবং কুকুরের গায়ে পানি পড়লে তা মুছে যাচ্ছে। এ বিষয়ে দীর্ঘস্থায়ী বেস্ত ব্যবহার করার জন্য তিনি অনুরোধ জানান।</p>	<p>১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।</p> <p>২. মোবাইল ফোনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>৩. মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য সংশ্লিষ্ট সকলের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।</p> <p>৪. কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, গফরগাঁও।

স্মারক নং- উপ.স্ব.ক/গফরগাঁও/স্থায়ী কমিটি /গফরগাঁও/২০২২-

তারিখঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থায়ী সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। উপজেলা ..... অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান ..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা  
গফরগাঁও, ময়মনসিংহ।